

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

'সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ও স্বাস্থ্য কার্যক্রম'

বাস্তবায়নকারী সংস্থা : স্পন্দনবি, ৩০২, মিরপুর রোড, শ্যামলী, ঢাকা-১২০৭

স্মারক নং : ৩২.০০.০০০০.০৩৭.১৪.০২১.১৬-০৩

তারিখ : ০৯/০৮/২০১৬ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

১। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগিতায় বেসরকারি সংস্থা স্পন্দনবি কর্তৃক 'সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ও স্বাস্থ্য কার্যক্রম' শীর্ষক প্রকল্পের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (কর্মসূচির মেয়াদ মার্চ, ২০১৮ পর্যন্ত) পদসমূহে বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	সর্বসাকুল্যে সম্মানী/ ফি/ পরিশ্রমিক	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সমন্বয়কারী	৪	১২,৬২৪/-	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতক/ সমমান ডিগ্রি। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
২.	চিকিৎসক (মাসে ছয় দিন)	১	১২,০০০/-	ন্যূনতম এমবিবিএস ডিগ্রিদারী হতে হবে।
৩.	শিক্ষক (শিক্ষা কার্যক্রম পরিচালনা)	১৫	১১,৪৪০/-	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ডিগ্রি। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৪.	আয়া	০৬	৬২৫০/-	অষ্টম শ্রেণি পাস। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৫.	নিরাপত্তাকর্মী	০৬	৬২৫০/-	অষ্টম শ্রেণি পাস। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৬.	পরিচ্ছন্নতাকর্মী	০৬	৪,০০০/-	সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

২। আগ্রহী প্রার্থীদের প্রকল্প পরিচালক 'সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ও স্বাস্থ্য কার্যক্রম' প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা, স্পন্দনবি, ৩০২, মিরপুর রোড, শ্যামলী, ঢাকা-১২০৭ ঠিকানায় স্বহস্তে লিখিত আবেদনপত্রের সাথে একটি জীবনবৃত্তান্ত ও সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপি আগামী ২৫/০৮/২০১৬ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সরাসরি/ ডাকযোগে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

৩। আবেদনকারীর বয়সের ক্ষেত্রে সরকারি প্রচলিত বিধি-বিধান অনুসরণ করা হবে।

৪। কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোনো শর্ত বাতিল/সংশোধন/সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৫। প্রদত্ত তথ্যাদির মধ্যে কোন প্রকার অসংগতি বা ভুল প্রমাণিত হলে আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে।

৬। সরকারি বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে কর্তন করা হবে।

৭। কর্মে অবহেলা অথবা অন্য যে কোনো কারণে চাকুরি হতে অব্যাহতি প্রদানের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

প্রকল্প পরিচালক

সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ও স্বাস্থ্য কার্যক্রম

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

ডিজি-৫৯৭/১৬ (৫'x৩)